বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

Phone : ০২-২২৩৩৮৩৬৩
dgmpd1@krishibank.org.bd

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(৪)/২০২১-২০২২/ ৩৭১৭

তারিখ ঃ ২৪.০৪.২০২২ খ্রি.

সকল কর্মকর্তা/কর্মচারী
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় ঃ মানবিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে বিকেবি, জুরাইন শাখা, ঢাকা এর পরিদর্শক জনাব কাজী রেহানা হ্যাপী (আর-১৪৭৭) এর শিশু সন্তানের চিকিৎসার উদ্দেশ্যে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের বরাবরে মানবিক সাহায্যের আবেদন করেছেন, যা কর্তৃপক্ষ কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে।

০২। জনাব কাজী রেহানা হ্যাপীর শিশু সন্তানের জন্মগতভাবে হার্টে ছিদ্র থাকায় এবং একটি রক্তনালী বন্ধ থাকার কারণে ২০১৬ সালে ভারতের বেঙ্গালোরে প্রখ্যাত হার্ট বিশেষজ্ঞ ডাঃ দেবী শেঠীর তত্ত্বাবধানে ০২ স্টেজে ওপেন হার্ট সার্জারী করা হয়। হার্টের অপারেশন পরবর্তী সময়ে শিশুটি সুস্থ থাকলেও ২০১৮ খ্রি. তার নখের রং নীল বর্ণ ধারণ করলে ভারতের বেঙ্গালোরে অবস্থিত নারায়না হৃদায়ালয়ে দ্বিতীয়বারের মত যোগাযোগ করলে সেখানকার ডাক্তার রিপোর্ট পর্যবেক্ষন করে ০৩(তিন) বছর পর তাদের হাসপাতালে যাওয়ার পরামর্শ দেন। সেপ্টেম্বর/২০২১ খ্রি. শিশু সন্তানের ইকো রিপোর্ট ভারতের নারায়না হৃদায়ালয়ে পাঠালে তারা রিপোর্ট পরিক্ষা করে আরেকটি সার্জারী লাগতে পারে বলে অভিমত প্রকাশ করেন। করোনাকালীন সময় থেকে তার স্বামীর চাকরি না থাকায় তিনি মানসিক ও আর্থিকভাবে চরম বিপর্যস্ত বলে আবেদনে উল্লেখ করেন। তৃতীয়বারের মত ভারত গমন ও শিশু সন্তানের চিকিৎসা খরচ বাবদ আনুমানিক ১০(দশ) লক্ষ টাকার সংস্থান করা তার পরিবারের পক্ষে অসম্ভব বিধায় কাজী রেহানা হ্যাপী আর্থিক অস্বচ্ছলতার বিষয়টি উল্লেখ করে নিজ সন্তানের চিকিৎসার জন্য ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীগণের নিকট হতে মানবিক কারনে আর্থিক সাহায্যের আবেদন করেছেন।

০৩। এমতাবস্থায়, জনাব কাজী রেহানা হ্যাপী (আর-১৪৭৭) এর শিশু সন্তানের হার্টের চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক, জুরাইন শাখা, ঢাকায় পরিচালিত তার সঞ্চয়ী হিসাব নং-৪১০৭-০৩১০১৪১৯০ এ সাধ্যমত আর্থিক সাহায্য প্রেরণের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের সকলস্তরের কর্মকর্তা/কর্মচারীগণ-কে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত

২৪/০৪/২২

(মোঃ খোরশেদ আনোয়ার)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(৪) /২০২১-২০২২/ ৩৭১৭ (১২৫০)

তারিখ ঃ ২৪.০৪.২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। স্টাফ অফিসার, অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, ঢাকা।
০৬। সকল উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক ।
০৭। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
(মানবিক সাহায্য সংক্রান্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৮। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। ব্যবস্থাপক, বিকেবি, জুরাইন শাখা, ঢাকা (জনাব কাজী রেহানা হ্যাপী, (আর-১৪৭৭) এর নিকট পত্রের একটি কপি পৌছানোর অনুরোধ করা হলো)।
১৩। নথি/অফিস নথি।

২৪/০৪/২০২২
(মোহাম্মদ এনামুল হক)
সহকারী মহাব্যবস্থাপক